রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৩০, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিল্প মন্ত্রণালয়**

**ডিপিডিটি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/২৮ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ৮৬-আইন/২০২৬।**—ভৌগোলিক নির্দেশক পণ্য (নিবন্ধন ও সুরক্ষা) আইন, ২০১৩ (২০১৩ সালের ৫৪ নং আইন) এর ধারা ৪৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ভৌগোলিক নির্দেশক পণ্য (নিবন্ধন ও সুরক্ষা) বিধিমালা, ২০১৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

১। বিধি ২ এর—

(অ) দফা (ঠ) এর শেষে উল্লিখিত "এবং" শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(আ) দফা (ড) এর শেষে উল্লিখিত "।" চিহ্নের পরিবর্তে "; এবং" চিহ্ন ও শব্দটি প্রতিস্থাপিত হইবে এবং উক্ত দফা (ড) এর পর নিম্নরূপ নূতন দফা (ঢ) সংযোজিত হইবে, যথা:—

"(ঢ) **"ভৌগোলিক নির্দেশক (Geographical Indication) (জিআই) ট্যাগ"** অর্থ বিধি ২৮ক এর উপ-বিধি (১) এ উল্লিখিত ভৌগোলিক নির্দেশক (Geographical Indication) (জিআই) ট্যাগ।"।

২। বিধি ২৮ এর পর নিম্নরূপ নূতন বিধি ২৮ক, ২৮খ ও ২৮গ সন্নিবেশিত হইবে, যথা:—

"**২৮ক. ভৌগোলিক নির্দেশক (Geographical Indication) (জিআই) ট্যাগ ব্যবহার ও বিনির্দেশ।**—(১) ভৌগোলিক নির্দেশক (Geographical Indication) (জিআই) ট্যাগ হইবে নিম্নরূপ, যথা:—




(২) ভৌগোলিক নির্দেশক (Geographical Indication) (জিআই) ট্যাগ নিবন্ধিত স্বত্বাধিকারী, অনুমোদিত ব্যবহারকারী, সরকার, বাংলাদেশ দূতাবাস বা মিশন বা প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া নিম্নবর্ণিত উদ্দেশ্যে ব্যবহার করিতে পারিবে, যথা:—

(ক) ভৌগোলিক নির্দেশক পণ্যসমূহের নিবন্ধিত স্বত্বাধিকারী বা অনুমোদিত ব্যবহারকারীগণ নিবন্ধিত ভৌগোলিক নির্দেশক পণ্য প্রচার, প্রসার, বাজারজাতকরণ বা বাণিজ্যিকীকরণে;

(খ) শিল্প মন্ত্রণালয়সহ সরকারের অন্যান্য দপ্তরসমূহ তাদের দাপ্তরিক ও প্রচার কার্যক্রমে;

(গ) সরকার বা সরকারি অর্থায়নে পরিচালিত স্থানীয় ও আন্তর্জাতিক মেলায় জিআই পণ্য প্রদর্শন ও প্রচারে;

(ঘ) বাংলাদেশ দূতাবাস বা মিশনসমূহের পৃষ্ঠপোষকতায় প্রচার কার্যক্রমে;

(ঙ) সরকারি উদ্যোগে পর্যটন শিল্প বিকাশে বিমান বন্দর ও পর্যটনের জন্য গুরুত্বপূর্ণ স্থানে প্রচারে; এবং

(চ) প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বিক্রয় ব্যতীত প্রকাশ, প্রচার বা প্রদর্শনী কার্যক্রমে।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত ভৌগোলিক নির্দেশক (Geographical Indication) (জিআই) ট্যাগে "G" বর্ণ দ্বারা Geographical (ভৌগোলিক) শব্দসমূহকে নির্দেশ করিবে এবং "i" বর্ণ দ্বারা indication (নির্দেশক) শব্দসমূহকে নির্দেশ করিবে এবং উক্ত ট্যাগে সবুজ রঙের "G" ব্যবহৃত হইবে এবং "i" এর উলম্ব অংশটি লাল রঙের ও উপরে সবুজ রঙের বৃত্তাকার ফোঁটার ভেতরে সাদা রঙে বাংলাদেশের মানচিত্র থাকিবে এবং ট্যাগলাইন হিসেবে "UNIQUE TREASURE OF BANGLADESH" শব্দগুলি ব্যবহৃত হইবে এবং ট্যাগলাইনটি ট্যাগ এর বাম পাশের পাদদেশ হইতে শুরু করিয়া ঘড়ির কাঁটার দিকে মুদ্রিত হইয়া "G" এর উপরের অংশে শেষ প্রান্ত বরাবর সমাপ্ত হইবে এবং "G" এর নিম্নে বক্রাকার অংশের বামপাশে এবং ট্যাগলাইনের ভিতরের দিকে নির্দেশক চিহ্ন হিসেবে নিম্নমুখী তীরের দুইটি ফলা থাকিবে, যাহার নিম্নের ফলাটি সবুজ ও উপরের ফলাটি লাল রঙের হইবে এবং ভৌগোলিক নির্দেশক (Geographical Indication) (জিআই) ট্যাগটি বর্গাকৃতির (অনুপাত ১ : ১) হইবে।

(৪) নিবন্ধিত ভৌগোলিক নির্দেশক পণ্যের লেবেলিং ও মোড়কে উল্লিখিত ভৌগোলিক নির্দেশক (Geographical Indication) (জিআই) ট্যাগ এইরূপে ব্যবহার করিতে হইবে, যাহাতে উহা সহজেই দৃশ্যমান হয়।

(৫) অনুমোদিত ব্যবহারকারীগণকে উপ-বিধি (১) এ উল্লিখিত ভৌগোলিক নির্দেশক (Geographical Indication) (জিআই) ট্যাগ ব্যবহারের পাশাপাশি নিজস্ব ব্র্যান্ডের নাম বা লোগো ব্যবহার করিতে হইবে।

২৮খ। **ভৌগোলিক নির্দেশক (Geographical Indication) (জিআই) ট্যাগ ব্যবহারের নিয়মাবলি।**—(১) নিবন্ধিত ভৌগোলিক নির্দেশক পণ্যের লেবেলিং ও মোড়কে ভৌগোলিক নির্দেশক (Geographical Indication) (জিআই) ট্যাগ হুবহু ব্যবহার করিতে হইবে এবং উহাতে কোনো ধরনের পরিবর্তন, পরিমার্জন, সংযোজন বা বিয়োজন করা যাইবে না।

(২) নিবন্ধিত স্বত্বাধিকারী নিশ্চিত করিবে যে, ভৌগোলিক নির্দেশক (Geographical Indication) (জিআই) ট্যাগ অনুমোদিত ব্যবহারকারীদের দ্বারা বাংলাদেশে তাহার নিবন্ধিত জিআই পণ্যের ক্ষেত্রে ব্যবহার করা হইবে।

(৩) ভৌগোলিক নির্দেশক (Geographical Indication) (জিআই) ট্যাগযুক্ত বাজারজাতকৃত প্রত্যেক পণ্যের লেবেল বা মোড়কের পিছনের অংশে নিম্নের বাম দিকে স্পষ্টভাবে রঙিন কালিতে প্রদর্শন করিতে হইবে এবং অন্যান্য প্যাকেট বা মডেলের ক্ষেত্রে সুস্পষ্টভাবে রঙিন কালিতে প্রদর্শন করিতে হইবে।

(৪) ভৌগোলিক নির্দেশক (Geographical Indication) (জিআই) ট্যাগ বিকৃত, অবৈধ বা জনস্বার্থের পরিপন্থী কোনো কার্যে ব্যবহার করা যাইবে না এবং অনুরূপ ব্যবহারের ক্ষেত্রে আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

**২৮গ। ভৌগোলিক নির্দেশক (Geographical Indication) (জিআই) ট্যাগ স্বত্বাধিকার।**— ভৌগোলিক নির্দেশক (Geographical Indication) (জিআই) ট্যাগ এর স্বত্বাধিকার শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর সংরক্ষণ করিবে।”।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ওবায়দুর রহমান**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd